

সাক্ষী

কৃষ্ণ ধর

দিনকাল কত পাল্টে গেছে

এই রাস্তাটা যাঁর নাম বুকে ধরে আছে
বিশ্বাস করবেন না, তাঁকে আমি চাক্ষুস দেখেছি
তখন তো মনে হয়নি তিনিও স্মরণীয় হবেন
এই রাস্তার দুপাশে যত বকুল কৃষ্ণচূড়া
তার চারাগুলিকে পুঁততে দেখেছি আমি

বিশ্বাস করবেন না, এই জায়গা থেকে
মানুষদের তাড়াতে দেখেছি আমি
প্রমোটাররা যাতে বহুতল বাড়ি বানাতে পারে।

দিনকাল কত পাল্টে গেছে।

একটা সময় ছিল যখন ভিস্তিওয়ালারা
রাস্তায় জল ছিটোতে আসত
শহরের সব নোংরা ধুয়ে মুছে সাফ করে দিত
এমন পবিত্র দৃশ্যও তো এই পোড়া চোখ দুটো দেখেছে
এখন হোর্ডিং -এ দেখি সব ঝকঝকে পালিশ করা মুখ
এমনই নাকি হবে ভবিষ্যতের শহর
এখনও যারা মাটি আঁকড়ে ভিটে আগলে আছে
তারা কোথায় যাবে, কোন চুলোয় ?
উত্তর না শুনেই তিনি ভারীমুখ করে
রাস্তা দিয়ে হেঁটে চলে গেলেন।